

তামিল সিনেমায় ফিরছেন সামান্থা- পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৬৫ ঃ মেহেরপুর-শুক্রবার ১০ অক্টোবর ২০২৫ ইং ঃ ২৫ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ১৭ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## সীমান্তের মাদক পাচারের আগ্রাসন

### মূল হোতারা অধরাই

নিজস্ব প্রতিবেদক

দেশের দক্ষিণ-পশ্চিম সীমান্তবর্তী মেহেরপুর জেলা। এখানে যেন মাদক পাচারের নীরব ভয়াবহ এক যুদ্ধ চলছে প্রতিদিন। গাঁজা, ফেনসিডিল, ইয়াবা, হেরোইন আর মদের চালান পেরিয়ে আসছে সীমান্ত দিয়ে। ধরা পড়ছে শুধু খুচরা বিক্রেতা, দরিদ্র দিনমজুর, ইজিবাইকচালক কিংবা পথভ্রষ্ট কিশোররা। অথচ মাদকের মূল হোতারা রয়ে যাচ্ছেন অধরাই, অদৃশ্য এক ছায়াচ্ছন্ন জগতে। গত তিন মাসে র‍্যাব, বিজিবি, পুলিশ, গোয়েন্দা সংস্থা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যৌথ অভিযানে উদ্ধার হয়েছে ৮,৫৬০ বোতল ফেনসিডিল, ৫৫ কেজি গাঁজা, ৮০০ গ্রাম হেরোইন ও ৮৭৬টি ইয়াবা। দায়ের হয়েছে শতাধিক মামলা, গ্রেপ্তার হয়েছেন প্রায় সমসংখ্যক আসামি। তবে এদের বেশির ভাগই বহনকারী ও খুচরা বিক্রেতা। জাতিসংঘের মাদক নিয়ন্ত্রণ সংস্থা ইউএনওডিসি -এর হিসাব বলছে, দেশে যত মাদক বিক্রি হয়, তার মাত্র ১০ শতাংশ ধরা পড়ে। বাকি ৯০ শতাংশ অবাধে ছড়িয়ে পড়ে দেশের অভ্যন্তরে। গত ১ আগস্ট: সদর উপজেলার শালিখায় ১৪০ বোতল ফেনসিডিলসহ আটক হাফিজুর রহমান, তার স্ত্রী ও এক সহযোগী। ৪ জুলাই: মুজিবনগরের কোমরপুরে আরও একজন আটক, উদ্ধার



ফেনসিডিল, নগদ টাকা ও মোবাইল। ১৯ অক্টোবর: গাংনী উপজেলায় পৃথক অভিযানে সাড়ে ৩ লাখ টাকার ভারতীয় হেরোইন ও ইয়াবা উদ্ধার করে বিজিবি কিন্তু কেউ ধরা পড়েনি। ৬ আগস্টের ঘটনাটি গোটা সীমান্তবাসীকে নাড়া দিয়েছিল। সীমান্তে বিজিবির উপস্থিতি টের পেয়ে পানিতে ঝাঁপ দেন বাবু ওরফে মিঠু। রাতভর খোঁজার পর হরিরামপুর বিলে ভেসে ওঠে তার নিথর দেহ। স্থানীয় এক বৃদ্ধের কণ্ঠে আক্ষেপ, "এই মৃত্যু শুধু একজনের না, এই সীমান্তের করুণ বাস্তবতার প্রতিচ্ছবি।" মাদকের ছোবলে শুধু আইনশৃঙ্খলাই নয়, ভেঙে পড়ছে পরিবারও। গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামের কৃষক তাজুল ইসলামের সংসার ছিন্নভিন্ন হয়ে গেছে তাঁর ছেলে বেল্টুর কারণে। নেশার টাকার জন্য সে প্রথমে ঘরের জিনিসপত্র বিক্রি করে,

২-এর পৃষ্ঠা দেখুন



## গণতন্ত্র মানে শুধু নির্বাচন নয়: তারেক রহমান

সূর্যোদয় প্রতিবেদন

গণতন্ত্র মানে শুধুমাত্র নির্বাচন নয়, বরং মানুষের স্বাধীনতা ও মৌলিক অধিকার নিশ্চিত করাড় এমন মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। শহীদ জেহাদ দিবস উপলক্ষে বৃহস্পতিবার গণমাধ্যমে পাঠানো এক বাণীতে তিনি এ আহ্বান জানান। তারেক রহমান বলেন, "স্বৈরাচারবিরোধী আন্দোলনের অকুতোভয় সৈনিক শহীদ নাজির উদ্দিন জেহাদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানাই। তার রুহের মাগফিরাত কামনা করি।" তিনি বলেন, "নব্বইয়ের

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে সড়কগুলোয় খানাখন্দ চরম দুর্ভোগে সাধারণ মানুষ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলার গাংনী উপজেলার প্রধান সড়কগুলোর বেহাল দশায় চরম ভোগান্তিতে পড়েছেন এলাকাবাসী। বিশেষ করে বামন্দী-কাজীপুর সড়কসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় বড় বড় গর্ত ও খানাখন্দ সৃষ্টি হওয়ায় প্রতিদিনই ঝুঁকি নিয়ে চলাচল করতে হচ্ছে চালক ও পথচারীদের। সামান্য বৃষ্টিতেই এসব গর্তে পানি জমে রাস্তায় তৈরি হয় ছোট ছোট জলাবদ্ধতা, যা দুর্ঘটনার আশঙ্কা আরও বাড়িয়ে দিচ্ছে। রাস্তায় প্রতিনিয়ত ঝুঁকি নিয়ে চলতে হচ্ছে মোটরসাইকেল, ট্রাক, নছিমন ও অ্যাম্বুলেন্সসহ বিভিন্ন পরিবহনকে। চালকদের অভিযোগ, গর্তে ধাক্কা খেয়ে যানবাহনের যন্ত্রাংশ নষ্ট হচ্ছে, বাড়ছে মেরামতের খরচ। আর যাত্রীদের জন্য এসব রাস্তা যেন 'দুর্ভোগের আরেক নাম'। নছিমনের চালক রেজাউল হোসেন বলেন, 'রাস্তায় চলাচল করতে গেলে এত ঝাঁকুনি লাগে যে অনেক সময় গাড়ির যন্ত্রাংশ খুলে যায়। এতে খরচও বাড়ে, দুর্ঘটনার ঝুঁকিও থাকে।' মোটরসাইকেল চালক রাব্বি আহমেদ রাতের অভিজ্ঞতার কথা তুলে ধরে বলেন, 'রাতে চলাচল করতে গেলে আতঙ্কে থাকি। পানিতে ঢেকে গেলে বোঝা যায় না কোথায় গর্ত। হঠাৎ কাত হয়ে পড়লে দুর্ঘটনার আশঙ্কা থেকে যায়।' ট্রাকচালক এনামুল বলেন, 'খানাখন্দের কারণে ট্রাক চালাতে হয় অনেক ঝুঁকি নিয়ে। যন্ত্রপাতি নষ্ট হওয়ার আশঙ্কা থাকে সব সময়।' এলাকাবাসীর অভিযোগ, বছরের পর বছর ধরে এ অবস্থার কোনো উন্নতি হচ্ছে না। খানাখন্দে ভরা রাস্তায় সুস্থ মানুষও

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে সার কেলেঙ্কারি ব্যবসায়ীর জরিমানা

নিজস্ব প্রতিবেদক, গাংনী

মেহেরপুরের গাংনীতে সার সংকটের মধ্যে কালোবাজারে সার বিক্রির অভিযোগে এক ব্যবসায়ীকে ১৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলার বাঁশবাড়িয়া বাজারে এ অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে ইয়াবাসহ তিন যুবক আটক

নিজস্ব প্রতিবেদক, গাংনী

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে ৩১ পিস ইয়াবাসহ তিন যুবককে আটক করেছে। বুধবার দিবাগত রাত ১২টার দিকে গাংনীর বামন্দী ইউনিয়নের তেরাইল চেয়ারম্যানপাড়া এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। এ সময় মাদক পাচারে ব্যবহৃত দুটি মোটরসাইকেল জব্দ করা হয়। আটকরা হলেন, গাংনীর ভোমরদহ গ্রামের মোস্তফার ছেলে ওমর ফারুক (২৫), হিজলবাড়িয়ার নুরুজ্জামানের ছেলে সজীব (২৮) এবং মালসাদহ গ্রামের আয়ুব আলীর

২-এর পৃষ্ঠা দেখুন



## সুবিধাবঞ্চিতদের সেলাই মেশিন ও ফুটবল বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের রাধাকান্তপুরে সুবিধাবঞ্চিত নারীদের মাঝে সেলাই মেশিন এবং যুবসমাজের জন্য ১৬টি ফুটবল বিতরণ করা হয়েছে।গতকাল বৃহস্পতিবার বিকেল পাঁচটায় বাংলাদেশ জামায়াতে ইসলামী বুড়িপোতা ইউনিয়ন শাখার উদ্যোগে এ কার্যক্রমের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে যৌথ অভিযানে যুবককে কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাদক বিরোধী যৌথ অভিযানে অয়ন আহমেদ রাজন (৩০) নামে এক যুবককে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও এক হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে। বৃহস্পতিবার সদর উপজেলার আমঝুপি নিলকুঠিপাড়া এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। অয়ন আহমেদ রাজন আমঝুপি নিলকুঠিপাড়া গ্রামের মো. কাওসার আলীর ছেলে। অভিযানে জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. হাবিবুর রহমানের নেতৃত্বে

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর জেলা ছাত্রদলের সমাবেশ

নিজস্ব প্রতিবেদক

''আমার প্রথম ভোট বাংলাদেশের পক্ষে হোক, আমার প্রথম ভোট ধানের শীষের পক্ষে হোক" এই স্লোগানকে সামনে রেখে সমবেশ ও মিছিল করেছে মেহেরপুর জেলা ছাত্রদল। গতকাল বৃহস্পতিবার বিকালে মেহেরপুর সড়ক বিভাগের সামনে থেকে একটি মিছিল বের

২-এর পৃষ্ঠা দেখুন




## টিকাদান ক্যাম্পেইন: ধর্মীয় নেতাদের ওয়ার্কশপ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন উপলক্ষে ধর্মীয় নেতৃবৃন্দের জন্য দিনব্যাপী ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে ইসলামিক ফাউন্ডেশন মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে কর্মসূচি শুরু হয়। জেলা প্রশাসক ড. মোহামদ আবদুল্ল ছালাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এক জে এম সিরাজুম মুনির

২-এর পৃষ্ঠা দেখুন

## দৌলতপুরে অস্ত্র গাঁজাসহ দুইজন আটক

নিজস্ব প্রতিবেদক, কুষ্টিয়া

কুষ্টিয়ার দৌলতপুরে পুলিশ ও বিজিবি এর পৃথক অভিযানে দুটি অবৈধ অস্ত্র, গুলি ও ২ কেজি গাঁজাসহ দুইজনকে আটক করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার (৯ অক্টোবর) ভোর থেকে সকাল পর্যন্ত উপজেলার বিভিন্ন এলাকায় এ অভিযান পরিচালিত হয়। পুলিশ সূত্রে জানা যায়, ভোরে আদাবাড়িয়া ইউনিয়নের ডাংমড়কা গ্রামে অভিযান চালিয়ে একটি দেশীয় ওয়ান শুটার গানসহ মাহাবুল ইসলাম (৫২) নামের একজনকে আটক করা হয়। তার ছেলে হিরো (৩২) পালিয়ে যায়। অপরদিকে, সকালে ৪৭ বিজিবির মহিষকুন্ডি বিওপির টহল দল হাতিশালা এলাকায় অভিযান চালিয়ে

২-এর পৃষ্ঠা দেখুন




## টাইফয়েড টিকাদান বিষয়ে প্রেস কনফারেন্স

নিজস্ব প্রতিবেদক

ইপিআই কার্যক্রমের আওতায় আগামী ১২ অক্টোবর থেকে শুরু হওয়া টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন উপলক্ষে মেহেরপুরে গতকাল বৃহস্পতিবার প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। বিকেল সাড়ে তিনটার দিকে সিভিল সার্জন কার্যালয়ের মিলনায়তনে অনুষ্ঠিত এ প্রেস কনফারেন্সে সভাপতিত্ব করেন সিভিল সার্জন ডা. আবু সাঈদ। ডা. আবু সাঈদ বলেন, "দূষিত খাবার ও পানির মাধ্যমে টাইফয়েডের জীবাণু ছড়ায়। সময়মতো রোগ নির্ণয় ও চিকিৎসা না হলে এটি মারাত্মক আকার ধারণ করতে পারে। তাই টাইফয়েড প্রতিরোধে টিকা

২-এর পৃষ্ঠা দেখুন

## 'ইলিয়াস স্বাধীনতাবিরোধী দলের এজেন্ডা বাস্তবায়নে নেমেছেন' -বিএনপি

নিজস্ব প্রতিবেদক, চুয়াডাঙ্গা

প্রবাসী সাংবাদিক ও ইউটিউবার ইলিয়াস হোসাইনের পরিকল্পিত অপপ্রচারের তীব্র প্রতিবাদ জানিয়েছে চুয়াডাঙ্গা জেলা বিএনপি। গতকাল বৃহস্পতিবার দুপুর আড়াইটার দিকে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে দলের পক্ষ থেকে বলা হয়, ইলিয়াস হোসাইন 'চাঁদাবাজ সাংবাদিক' হিসেবে স্বাধীনতাবিরোধী একটি দলের এজেন্ডা বাস্তবায়নে নেমেছেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সফিকুল ইসলাম পিটু। তিনি বলেন, "ইলিয়াস হোসাইন পরিকল্পিতভাবে বিএনপির ভাবমূর্তি ক্ষুণ্ন করার চেষ্টা করছেন। এ কাজে দলেরই এক নব্য উদিত মনোনয়ন প্রত্যাশী ও তার চাচা ষড়যন্ত্রে লিপ্ত। তারা একটি বিশেষ গোষ্ঠীকে সুবিধা দিতে বিএনপির শক্ত ঘাঁটিতে বিভ্রান্তি ছড়াতে চাইছে।" সংবাদ সম্মেলনে জানানো হয়, জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফ গণতান্ত্রিকভাবে দলের কাউন্সিলরদের ভোটে নির্বাচিত নেতা। তার ও তার ভাই বিশিষ্ট ব্যবসায়ী ও দানবীর আলহাজ্ব

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (বিএনপির টোকেনে মিলছে সার?)

সারের সংকট চলছে এখন
পাচ্ছে না সার কৃষকে
আসছে শীত সবজি হবে
চাষী পড়েছে বিপাকে ।
লাইন দিয়ে আছে চাষি
যাচ্ছে ফিরে অনেকে
কপাল বেশি তার ভালো
পাচ্ছে সার টোকেন।
বিএনপি নেতা দিচ্ছে ছিলিপ
দলীয় ছাড়া পাচ্ছেনা
যে দলেরই হওনা তুমি
কপালে সার জুটবে না।
প্রশাসনের নাকের ডগায়
সার নিয়ে হচ্ছে তেলিসমাত
বিএনপি করি এই পরিচয়ে
সব ক্ষেত্রেই জিন্দাবাদ।




সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ শুক্রবার ॥ ২৫ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ১০ অক্টোবর ২০২৫ইং

# এনসিপিকে ভোটের মাঠে সঙ্গে চায় বিএনপি ও জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই গণঅভ্যুত্থানের পর ছাত্রনেতাদের উদ্যোগে গঠিত নতুন রাজনৈতিক দল এনসিপিকে ভোটের মাঠে সঙ্গে পেতে আগ্রহী বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও জামায়াতে ইসলামি বাংলাদেশ। তবে আলোচনা এগোলেও এখন পর্যন্ত চূড়ান্ত কোনো সমঝোতায় পৌঁছায়নি বলে জানিয়েছেন উভয় দলের নেতারা। বিএনপি চায়, নতুন এ দলটিকে অন্তত জামায়াত ইসলামী থেকে দূরে রাখা যাক, এমনটাই বলছেন সংশ্লিষ্টরা।

অন্যদিকে, গণঅভ্যুত্থানের আবেগকে নিজেদের পক্ষে রাখতে এনসিপির সঙ্গে জোট না হলেও নির্বাচনী সমঝোতায় আগ্রহী জামায়াতে ইসলামী। এনসিপি সূত্র জানিয়েছে, আগামী ফেব্রুয়ারির জাতীয় নির্বাচনে জামায়াত তাদের প্রত্যাশিত সংখ্যক আসনে ছাড় ও সর্বাত্মক সহায়তার প্রতিশ্রুতি দিয়েছে। তবে জামায়াতের সঙ্গে গেলে "ডানপন্থি তকমা" পাওয়ার আশঙ্কায় সতর্ক এনসিপি নেতারা। আবার বিএনপি পাশে চাইলেও প্রত্যাশিত আসন ছাড় না মেলায় সংশয়ও রয়েছে। সম্প্রতি ফিন্যান্সিয়াল টাইমস-কে দেওয়া সাক্ষাৎকারে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেন, বিএনপি অন্য দলগুলোকে নিয়ে সরকার গঠনে প্রস্তুত। তিনি ইঙ্গিত দেন, গত বছরের অভ্যুত্থানে নেতৃত্বদানকারী ছাত্রদের একটি দলও এই প্রক্রিয়ায় যুক্ত হতে পারে যা এনসিপিকে ঘিরে নতুন আলোচনার জন্ম দিয়েছে। বিএনপি সূত্রে জানা যায়, মূল লক্ষ্য এনসিপিকে জামায়াতের প্রভাবমুক্ত রাখা। এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীও স্বীকার করেছেন, বিএনপির সঙ্গে যোগাযোগ থাকলেও এখনো জোট বা আসন বণ্টনের আলাপ হয়নি। এনসিপির এক যুগ্ম আহ্বায়ক জানিয়েছেন, আহ্বায়ক নাহিদ ইসলামই এ বিষয়ে আলোচনায় নেতৃত্ব দিচ্ছেন। সম্প্রতি জামায়াতের মহাসচিব মিয়া গোলাম পরওয়ার তাঁর বনশ্রীর বাসায় গিয়ে যুগপৎ আন্দোলনের প্রস্তাব দেন, তবে নাহিদ ইসলাম সেটি প্রত্যাখ্যান করে বিএনপি নেতা সালাহউদ্দিন আহমেদের সঙ্গে বৈঠক করেন। এনসিপি ৫০-৬০ আসনে ছাড় পেলে জোটে যাওয়ার বিষয়টি ভাবতে পারে বলে জানিয়েছেন তিনি। এনসিপির একাধিক জ্যেষ্ঠ নেতা মনে করেন, সংসদে প্রতিনিধিত্ব নিশ্চিত করা দলটির টিকে থাকার জন্য জরুরি। বিএনপি যদি ২৫৩০ আসনে ছাড় দেয়, তবে জয় পাওয়ার সম্ভাবনা যথেষ্ট। তবে এনসিপির আর্থিক ও সাংগঠনিক সক্ষমতার ঘাটতি বড় বাধা। তাদের আশঙ্কা, বিএনপি কেন্দ্রীয়ভাবে আসন ছাড়লেও স্থানীয় পর্যায়ে নেতাকর্মীরা স্বতন্ত্র প্রার্থী হয়ে দাঁড়াতে পারেন।

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



# ভুল সময়ে চা-কফি পান হতে পারে স্বাস্থ্যঝুঁকি

সূর্যোদয় প্রতিবেদন

চা বা কফির কাপে চুমুক না দিয়ে অনেকের সকাল শুরুই হয় না। আবার অনেকেই দিনজুড়েই পান করেন একের পর এক কাপ। তবে এই অভ্যাস যদি হয় ভুল সময়ে, তা শরীরের জন্য হতে পারে বিপদজনক। চিকিৎসা বিশেষজ্ঞদের মতে, অনিয়মিত সময়ে চা বা কফি পান করলে হজমে সমস্যা, পুষ্টি শোষণে বিঘ্ন এবং ঘুমের ব্যাঘাতসহ একাধিক স্বাস্থ্যঝুঁকি তৈরি হতে পারে। ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চ এর তথ্য অনুযায়ী, প্রাপ্তবয়স্কদের দিনে ৩০০ মিলিগ্রামের বেশি ক্যাফেইন গ্রহণ করা উচিত নয়। এক কাপ (১৫০ মিলি) কফিতে থাকে প্রায় ৮০-১২০ মিলিগ্রাম ক্যাফেইন। ইনস্ট্যান্ট কফিতে এই মাত্রা কিছুটা কম (৫০-৬৫ মিলিগ্রাম)। অন্যদিকে, এক কাপ চায়ে থাকতে পারে ৩০-৬৫ মিলিগ্রাম পর্যন্ত ক্যাফেইন। বিশেষজ্ঞরা বলছেন, এই মাত্রার বেশি ক্যাফেইন স্নায়ুতন্ত্রে বিরূপ প্রভাব ফেলতে পারে এবং দীর্ঘমেয়াদে নির্ভরশীলতা তৈরি করে।

সকালে খালি পেটে চা-কফি নয়: অনেকেই ঘুম থেকে উঠেই অভ্যাসবশত চা বা কফি পান করেন। তবে খালি পেটে ক্যাফেইন গ্রহণ করলে

৩-এর পৃষ্ঠা দেখুন



## বিশ্ব হার্ট দিবস পালন

নিজস্ব প্রতিবেদক

বিশ্ব হার্ট দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন (বিএমএ) মেহেরপুর জেলা শাখার উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিএমএ মেহেরপুর জেলা শাখার সভাপতি ডা. আব্দুস সালামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দক্ষিণ এশিয়ার প্রখ্যাত হৃদরোগ বিশেষজ্ঞ ডা. এস. আর. খান (সিরাজুর রহমান খান)। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুরের সিভিল সার্জন ডা. আবু সাঈদ, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর এবং সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মোহা. আবদুল্লাহ আল আমিন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডা. কাজল আলী। বিএমএর সাধারণ সম্পাদক ডা. ওবায়দুল ইসলাম পলাশ বক্তব্য রাখেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ডা. মাহফুজুর রহমান রতন। বক্তারা হৃদরোগ প্রতিরোধে স্বাস্থ্যকর জীবনযাপন, সুষম আহার, নিয়মিত ব্যায়াম ও ধূমপান পরিহারের গুরুত্ব তুলে ধরেন।

## আফগান পররাষ্ট্রমন্ত্রীর ঐতিহাসিক ভারত সফর

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তানের তালেবান সরকারের পররাষ্ট্রমন্ত্রী আমির খান মুত্তাকির ঐতিহাসিক ভারত সফর শুরু হয়েছে বৃহস্পতিবার (৯ অক্টোবর)। ২০২১ সালে তালেবান পুনরায় ক্ষমতায় ফেরার পর এটাই কোনো উচ্চপর্যায়ের তালেবান নেতার প্রথম ভারত সফর। জাতিসংঘ নিরাপত্তা পরিষদ মুত্তাকির ওপর থেকে সাময়িকভাবে ভ্রমণ নিষেধাজ্ঞা প্রত্যাহার করায় এই সফর সম্ভব হয়েছে। বিশেষজ্ঞদের মতে, সফরটি শুধু আফগানিস্তান-ভারত সম্পর্কেই নয়, বরং দক্ষিণ এশিয়ার ভূরাজনীতিতেও নতুন এক অধ্যায় সূচনা করতে পারে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রন্ধীর জয়সওয়াল এক বিবৃতিতে বলেন, "আমরা পররাষ্ট্রমন্ত্রী মুত্তাকিকে উষ্ণ অভ্যর্থনা জানাই এবং তার সঙ্গে

৩-এর পৃষ্ঠা দেখুন



## জেলা প্রশাসককে কৃষক দলের স্মারকলিপি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা কৃষক দলের উদ্যোগে জেলার কৃষকদের সার সংকট সমাধানের প্রয়োজনিও ব্যবস্থা গ্রহনের জন্য জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করেছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে জেলা কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমানের নেতৃত্বে এ স্মারকলিপি প্রদান করা হয়।

স্মারকলিপিতে উল্লেখ করা হয়েছে, মেহেরপুরের কৃষি নির্ভর মানুষের জন্য চলতি মৌসুমে ইউরিয়া, টি এস পি, ডেপ, পটাশসহ অন্যান্য প্রয়োজনীয় সারের সংকট দেখা দিয়েছে। অনেক ক্ষেত্রে নির্ধারিত মূল্যের চেয়ে অনেক বেশি দামে সার ক্রয় করতে হচ্ছে, যা কৃষকদের জন্য চাষাবাদের বড় ধরনের সমস্যা তৈরি করছে। কৃষক দলের পক্ষ থেকে জেলা প্রশাসককে অনুরোধ করা হয়েছে, দ্রুত সারের সমস্যা

৩-এর পৃষ্ঠা দেখুন

## জাতিসংঘে শান্তিরক্ষা মিশনের ছাঁটাই, ক্ষতিগ্রস্ত হতে পারে বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

জাতিসংঘ আগামী কয়েক মাসের মধ্যেই বিশ্বব্যাপী শান্তিরক্ষা মিশনে মোতায়েন থাকা সেনা ও পুলিশের সংখ্যা প্রায় এক-চতুর্থাংশ কমানোর সিদ্ধান্ত নিয়েছে। তহবিল সংকট এবং যুক্তরাষ্ট্রের ভবিষ্যৎ অনুদান অনিশ্চিত হয়ে পড়ায় এমন পদক্ষেপ নিতে যাচ্ছে সংস্থাটি। রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে জাতিসংঘের এক জ্যেষ্ঠ কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে জানান, প্রায় ২৫ শতাংশ শান্তিরক্ষী সৈন্য, পুলিশ এবং বিপুলসংখ্যক বেসামরিক কর্মীকে সরঞ্জামসহ মিশন থেকে প্রত্যাহার করা হবে। এতে ১৩ থেকে ১৪ হাজার শান্তিরক্ষী এবং বহু বেসামরিক কর্মী এই ছাঁটাইয়ের আওতায় আসবেন। জাতিসংঘের এই সিদ্ধান্ত কার্যকর হলে সবচেয়ে বেশি প্রভাব পড়বে দক্ষিণ সুদান, কঙ্গো

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মেহেরপুর পৌর শাখার গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় পৌর এলাকার প্রধান সড়ক ও দোকানপাটে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে নেতৃত্ব দেন জেলা আমির ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। উপস্থিত ছিলেন জেলা নায়েবে আমির মাহবুবুল আলম, শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, জেলা সেক্রেটারি ইকবাল হোসেন, পৌর জামায়াতের আমির সোহেল রানা ডলার, সদর উপজেলা আমির সোহেল রানা, চেয়ারম্যান প্রার্থী

৩-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে বিএনপির গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগরে ধানের শীষে ভোট প্রার্থনা করে ব্যাপক গণসংযোগ ও পথসভা করেছেন উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম। গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে ৪টার দিকে উপজেলার মহাজনপুর ইউনিয়নের কোমরপুর বাজার ও আশপাশের

৩-এর পৃষ্ঠা দেখুন



## দ্বিকক্ষবিশিষ্ট সংসদ প্রস্তাব বাদ দেওয়ার আহ্বান সিপিডির

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশে সংসদীয় জবাবদিহি ও গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে শক্তিশালী করতে দ্বিকক্ষবিশিষ্ট সংসদ গঠনের প্রস্তাব থেকে সরে আসার পরামর্শ দিয়েছে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। সংস্থাটির মতে, দেশের বর্তমান রাজনৈতিক সংস্কৃতি ও বাস্তবতায় উচ্চকক্ষ বা দ্বিতীয়

৩-এর পৃষ্ঠা দেখুন



## হারের পর মিরাজের প্রতিশ্রুতি 'ভুল থেকে শিখব'

সূর্যোদয় প্রতিবেদন

মাত্র ২২১ রানের সংগ্রহের পর যথাযথ বোলিং করতে না পারার কারণে আফগানিস্তানের কাছে হেরে গেল বাংলাদেশ। লক্ষ্য তাড়া করতে নেমে আফগান ব্যাটাররা ম্যাচের পরিস্থিতি অনুযায়ী ঠিকঠাক ব্যাটিং করেছে এবং মাত্র ৫ উইকেটে ১৭ বল আগেই জয় নিশ্চিত করেছে।

৩-এর পৃষ্ঠা দেখুন

জামান বস্ত্রালয়
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
💯 ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

## প্রযুক্তি

## ল্যাপটপ ভিজে গেলে যা করবেন

সূর্যোদয় প্রতিবেদন

অফিসের কাজ করছেন বা ক্লাসের নোট নিচ্ছেন, এমন সময় হঠাৎ হাতের পানি বা কফির কাপ ল্যাপটপের ওপর পড়ে গেলে অনেকে ঘাবড়ে যান। কেউ কেউ আবার ভুল পদক্ষেপ নেন। ফলে ল্যাপটপটির আরও বেশি ক্ষতি হয়। তাই এ ধরনের মুহূর্তে কী করা উচিত, তা আগে থেকে জেনে নেওয়া জরুরি। এ ধরনের মুহূর্তে যা করবেন : প্রথম ও সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হলো, ল্যাপটপটি সঙ্গে সঙ্গে শাটডাউন করুন। যদি ল্যাপটপ চার্জে থাকে, চার্জার খুলে ফেলুন। পুরোনো মডেলের ল্যাপটপে সাধারণত ব্যাটারি খোলা যায়। সেটা খুলে নিন। নতুন মডেল হলে এই



ধাপ বাদ দিন এবং সার্ভিস সেন্টারে দ্রুত নিয়ে যান। যদি ব্যাটারি ভিজে যায়, তাহলে সেটি আর নিরাপদ নয়। এটি বদলে ফেলুন। ইউএসবি

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস ,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি) ,এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী , মুত্রথলী , মুত্রনালী , প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ , পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শুক্রবার, ১০ অক্টোবর ২০২৫ ইং

## টোকেনের রাজনীতি, বঞ্চিত কৃষক

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নে সারের টোকেন ইস্যুতে যে অভিযোগ উঠেছে, তা উদ্বেগজনক। সরকার যখন কৃষকদের কাছে ভর্তুকিযুক্ত সার সময়মতো পৌঁছে দিতে নানা পদক্ষেপ নিচ্ছে, তখন স্থানীয় পর্যায়ে রাজনৈতিক প্রভাব খাটিয়ে সার বিতরণে বৈষম্য সৃষ্টি করা নিঃসন্দেহে দুঃখজনক ও অগ্রহণযোগ্য। সংবাদ অনুযায়ী, ধানখোলা ইউনিয়নের সরকারি অনুমোদিত ডিলার পয়েন্ট থেকে মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামানের দেওয়া টোকেন ছাড়া কেউ সার পাচ্ছেন না। ফলে প্রকৃত কৃষকেরা বঞ্চিত হচ্ছেন, আর টোকেনধারীরা রাজনৈতিক পরিচয়ের জোরে সহজেই সার সংগ্রহ করছেন। স্থানীয় কৃষকরা বলছেন, অনেকে টোকেন না পেয়ে দিনের পর দিন লাইনে দাঁড়িয়ে থেকেও সার পাচ্ছেন না, অন্যদিকে যাদের রাজনৈতিক ঘনিষ্ঠতা আছে তারা অনায়াসেই সুবিধা নিচ্ছেন। এমন একটি সংবেদনশীল কৃষিপণ্য বিতরণে রাজনৈতিক টোকেনের প্রয়োজনই বা কেন? কৃষক কার্ড ও সরকারি তালিকার ভিত্তিতে সার বণ্টন করার স্পষ্ট নীতিমালা রয়েছে। সেখানে একজন সাবেক জনপ্রতিনিধি বা রাজনৈতিক নেতার 'টোকেন' চালু করা সরকারি ব্যবস্থাকে উপহাস করার শামিল। এতে শুধু কৃষকের ক্ষোভ বাড়ছে না, প্রশাসনের ভাবমূর্তিও প্রশ্নবিদ্ধ হচ্ছে। অধিক উদ্বেগজনক বিষয় হলো, স্থানীয় কৃষি কর্মকর্তারাও রাজনৈতিক প্রভাবের কারণে হস্তক্ষেপ করতে পারছেন না বলে অভিযোগ করেছেন। যদি সত্যিই এমন পরিস্থিতি সৃষ্টি হয়ে থাকে, তবে এটি প্রশাসনিক দুর্বলতারই প্রতিফলন। একজন সরকারি কর্মকর্তা যদি বলেন, "আমার চাকরি চলে গেলেও ওই ব্লকের দায়িত্ব নিতে পারব না", তবে সেটি প্রশাসনিক ব্যর্থতার চরম দৃষ্টান্ত। ধানখোলা ইউনিয়নে এখন শীতকালীন ফসলের প্রস্তুতি চলছে। এই সময় সার না পেলে কৃষকরা ক্ষতির মুখে পড়বেন, যা দেশের সার্বিক খাদ্য উৎপাদনেও প্রভাব ফেলতে পারে। সারের মতো কৌশলগত কৃষি উপকরণ বিতরণে কোনো রাজনৈতিক হস্তক্ষেপ চলতে পারে না এ বিষয়ে সরকারের কঠোর অবস্থান নেওয়া জরুরি। আমরা মনে করি, স্থানীয় প্রশাসন ও কৃষি বিভাগের উচিত অবিলম্বে একটি নিরপেক্ষ তদন্ত কমিটি গঠন করা। প্রকৃত কৃষকের তালিকা যাচাই করে, ডিলারদের কার্যক্রম নিয়মিত তদারকির মাধ্যমে এবং রাজনৈতিক প্রভাবমুক্তভাবে সার বিতরণ নিশ্চিত করতে হবে। কৃষকের ঘামে ফলানো ফসলের বীজে যদি অন্যের প্রভাব পড়ে, তবে সেটি কেবল কৃষকের নয় পুরো জাতির ক্ষতি।

## গাংনীতে সড়কগুলোয় খানাখন্দ

(প্রথম পৃষ্টার পর)

অসুস্থ হয়ে পড়ে। সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়ছে রোগী বহনকারী অ্যাম্বুলেন্স ও স্কুলগামী শিশুরা। অটোচালক বাবলু মিয়া বলেন, 'এই রাস্তাগুলোয় প্রায়ই দুর্ঘটনা ঘটে। রোগীদের হাসপাতালে নিতে গিয়ে আমরা বিপাকে পড়ি।' স্কুলছাত্রী রিণা খাতুন জানায়, 'প্রতিদিনই দুর্ঘটনার ভয় নিয়ে স্কুলে যেতে হয়। পরিবারের সবাই চিন্তায় থাকে।' পথচারী মো. সজিবুল ইসলাম বলেন, 'বৃষ্টি হলে গর্তে পানি জমে বোঝার উপায় থাকে না কোথায় খালি আর কোথায় গর্ত। এতে ঝুঁকি আরও বেড়ে যায়। দ্রুত সড়ক মেরামতের প্রয়োজন।" এ বিষয়ে গাংনী উপজেলা প্রকৌশলী মো. রোকনুজ্জামান বলেন, 'উপজেলার বামন্দী-কাজীপুরসহ ক্ষতিগ্রস্ত রাস্তাগুলো দ্রুত মেরামতের পরিকল্পনা রয়েছে। অন্যান্য সমস্যাও ধীরে ধীরে সমাধান করা হবে।'

## সীমান্তের মাদক পাচারের আগ্রাসন

(প্রথম পৃষ্টার পর)

পরে চুরি শুরু করে। সম্প্রতি চাচাতো ভাইকে কুপিয়ে আহত করেছে সে। অন্যদিকে বুড়িপোতা গ্রামে শিশু-কিশোরদের মধ্যেও ছড়িয়ে পড়েছে মাদকের ভয়াবহতা। অস্টম শ্রেণির শিক্ষার্থী মামুন জানায়, প্রতিদিন সন্ধ্যায় গ্রামের বাজারে অন্তত অর্ধশত তরুণ গাঁজা সেবন করে। ৫০০ টাকায় ১০০ গ্রাম গাঁজা কিনে কয়েকজন মিলে ভাগাভাগি করে খায়। এভাবে প্রজন্মের পর প্রজন্ম জড়িয়ে যাচ্ছে নেশার অন্ধকারে। স্থানীয় সূত্রে জানা গেছে, পাচারের পদ্ধতি তিন ধাপে পরিচালিত হয় । প্রথমে সীমান্ত পার করে একদল মাদক আনে। তারা স্থানীয় এজেন্টদের হাতে তা হস্তান্তর করে। এরপর খুচরা বিক্রেতাদের মাধ্যমে ছড়িয়ে পড়ে পুরো অঞ্চলে। এই চক্রে সবচেয়ে বেশি ব্যবহার করা হচ্ছে নারী ও শিশুদের। কারণ আইনে তাদের জন্য শাস্তি তুলনামূলক কম। আর এই সুযোগেই বড় মাদক ব্যবসায়ীরা থাকছে আড়ালে। স্থানীয়দের মতে, "মাদক এখন শুধু অপরাধ নয়, এটি তাদের জীবনের অভিশাপ।" জেলা ও দায়রা জজ আদালতের অ্যাড. মোসতাফিজুর রহমান বলেন, "আদালতে আসা বেশির ভাগ মাদক মামলার আসামি আসলে খুচরা বহনকারী বা মাদকসেবী। বড় ব্যবসায়ীরা ধরা পড়ে না।" জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক জানান, নিয়মিত অভিযান চালানো হলেও মূল হোতাদের গ্রেপ্তার করা যাচ্ছে না। মেহেরপুর সীমান্তের এই অন্ধকার জগত শুধু মাদক নয়, বয়ে আনছে দারিদ্র্য, সামাজিক অস্থিরতা ও সহিংসতা।

## তারেক রহমান

(প্রথম পৃষ্টার পর)

স্বৈরাচারবিরোধী আন্দোলনে শহীদ নাজির উদ্দিন জেহাদ একটি অবিস্মরণীয় নাম। রক্তে রাঙানো সেই আন্দোলনের মধ্য দিয়েই পুনঃপ্রতিষ্ঠিত হয়েছিল বহুদলীয় গণতন্ত্র, মত প্রকাশ ও সংবাদপত্রের স্বাধীনতা।" তারেক রহমান আরও বলেন, "গণআন্দোলনে অগ্রণী ভূমিকা পালন করতে গিয়ে পুলিশের গুলিতে শহীদ হন অকুতোভয় এই ছাত্রনেতা। তার রক্তের স্রোতই নব্বইয়ের গণঅভ্যুত্থানের জন্ম দিয়েছিল, যার মাধ্যমে পতন ঘটে স্বৈরশাসক এরশাদের।" বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান বলেন, "স্বৈরশাসক এরশাদ গণতন্ত্রকে হত্যা করেছিল। গণতন্ত্রকে পুনঃপ্রতিষ্ঠা ও দৃঢ় ভিত্তির ওপর দাঁড় করানোর প্রত্যয় নিয়েই জেহাদ নিজের জীবন উৎসর্গ করেন। আমরা যদি সেই স্বপ্ন বাস্তবায়ন করতে না পারি, তবে তার আত্মা কষ্ট পাবে।" গণতন্ত্রের ধারা অব্যাহত রাখতে সুষ্ঠু নির্বাচন আয়োজনের প্রয়োজনীয়তার কথাও উল্লেখ করেন তিনি। তারেক রহমান বলেন, "গণতন্ত্র মানে শুধু নির্বাচন নয়; গণতন্ত্র মানে মানুষের স্বাধীনতা ও মৌলিক অধিকার নিশ্চিত করা।" তিনি আহ্বান জানান শহীদ জেহাদের আত্মত্যাগের প্রেরণাকে ধারণ করে দেশি-বিদেশি অপশক্তির চক্রান্ত প্রতিহত করতে, স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করতে এবং গণতন্ত্র পুনরুদ্ধারে সবাইকে এগিয়ে আসার জন্য।

## টিকাদান ক্যাম্পেইন: ধর্মীয় নেতাদের

(প্রথম পৃষ্টার পর)

সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সিভিল সার্জন ডা. আবু সাঈদ। উদ্বোধনী অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক। দিনব্যাপী এই ক্যাম্পেইনে মেহেরপুর জেলার বিভিন্ন মসজিদের ইমামগণ অংশগ্রহণ করছেন।

## দৌলতপুরে অস্ত্র গাঁজাসহ দুইজন

(প্রথম পৃষ্টার পর)

ভাগজোত গ্রামের ফিরোজ খান (৫৬)কে ২ কেজি গাঁজাসহ আটক করে। তার সহযোগীরা পালিয়ে যায়। এর আগে বুধবার রাতে চল্লিশপাড়া এলাকায় মালিকবিহীন অবস্থায় একটি বিদেশি পিস্তল, ম্যাগাজিন ও গুলি উদ্ধার করে বিজিবি। দৌলতপুর থানার ওসি সোলায়মান শেখ জানান, "অস্ত্র ও মাদকসহ দুইজনকে আটক করে মামলা দেওয়া হয়েছে। তাদের আদালতে পাঠানো হয়েছে।"

## গাংনীতে সার কেলেঙ্কারি ব্যবসায়ীর

(প্রথম পৃষ্টার পর)

যায়, গোপন সংবাদের ভিত্তিতে কালোবাজারে সার বিক্রির সময় স্থানী-য়রা ব্যবসায়ী মাহাবুব হোসেনকে সারবোঝাই গাড়িসহ আটক করে প্রশাসনকে খবর দেন। পরে উপজেলা প্রশাসন ঘটনাস্থলে পৌঁছে সার জব্দ করে জরিমানা করে।

মিজানুর রহমান অপু

## কেউ কথা রাখেনি



"কেউ কথা রাখেনা" কবি শামসুর রাহমানের এই পঙ্‌ক্তি যেন আজ মেহেরপুরবাসীর জীবনের বাস্তব প্রতিচ্ছবি। স্বাধীনতার সূতিকাগার এই জেলা বারবার আশার আলো দেখেছে, আবার তা নিভে যেতে দেখেছে দায়িত্বহীনতা, অব্যবস্থাপনা ও রাজনৈতিক প্রতিশ্রুতিভঙ্গের কালো ছায়ায়।

মেহেরপুরে প্রতিটি নির্বাচনের আগে উন্নয়নের রঙিন প্রতিশ্রুতি ঝরে পড়ে পোস্টার, মাইক আর সভা-সমাবেশে। বলা হয়ড় "গ্রামীণ সড়ক হবে আধুনিক, কৃষক পাবে ন্যায্য দাম, কর্মসংস্থান হবে ঘরে ঘরে।" কিন্তু সময় পেরিয়ে গেলে সেই কথাগুলো হারিয়ে যায় বাতাসে। ভাঙা রাস্তা, অব্যবহৃত খাল, বেকার তরুণের দীর্ঘশ্বাস আর কৃষকের ক্ষোভই যেন হয়ে দাঁড়ায় চিরন্তন বাস্তবতা। এ জেলার মানুষ জানে, মেহেরপুর বাংলাদেশের ইতিহাসের এক গর্বিত নাম ১৯৭১ সালের ১৭ এপ্রিল যেখানে স্বাধীন বাংলাদেশের অস্থায়ী সরকার শপথ নেয়। অথচ স্বাধীনতার পরও সেই গর্বিত মাটিতে দারিদ্র্য, বেকারত্ব আর উন্নয়ন বৈষম্য যেন স্থায়ী বাসা বেঁধেছে। গাংনী, মুজিবনগর ও সদর তিনটি উপজেলাতেই চাষি আজ ন্যায্য দামের জন্য হাহাকার করছে।

সরকারি সার ও বীজের বরাদ্দ নিয়েও চলছে অনিয়ম, রাজনৈতিক প্রভাব আর দলীয় নিয়ন্ত্রণের খেলা। কোথাও রাস্তার কাজ শুরু হয়, কিন্তু শেষ হয় না; কোথাও হাসপাতাল আছে, কিন্তু ডাক্তার নেই; স্কুলে ছাত্র আছে, কিন্তু শিক্ষক নেই। অথচ প্রতিটি সরকার, প্রতিটি জনপ্রতিনিধি কথা দিয়েছিল "মেহেরপুরকে আমরা বদলে দেব।" কেউ বলেনি, "আমরা নিজেদের বদলাব।" এই জায়গাটিতেই মূল সমস্যা।

মেহেরপুরের উন্নয়নের জন্য যে সমন্বিত উদ্যোগ প্রয়োজন স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও নাগরিক সমাজের তা কখনোই বাস্তবায়িত হয়নি। সবই টুকরো টুকরো উদ্যোগে সীমাবদ্ধ, যার সুফল জনগণের ঘরে পৌঁছায় না। যেখানে কৃষকের ন্যায্য প্রাপ্য বঞ্চিত হয় রাজনৈতিক টোকেনের চাপে, সেখানে উন্নয়ন হয় না হয় লুটপাটের। আজ সময় এসেছে, মেহেরপুর নতুন করে নিজের প্রতিশ্রুতির হিসাব চাইবে।

যারা কথা রেখেছে, তাদের স্বীকৃতি দিতে হবে; আর যারা কথা ভেঙেছে, তাদের জবাবদিহির কাঠগড়ায় দাঁড় করাতে হবে। কারণ জনগণের বিশ্বাসের ঋণ ফেরত না দিলে ইতিহাস ক্ষমা করে না।

স্বাধীনতার প্রথম প্রভাতের সেই মেহেরপুর আজও অপেক্ষায় কেউ একজন কথা রাখবে বলে।

( সাংবাদিক)

# কুরআন সুন্নাহর আলোকে হক প্রতিষ্ঠায় করণীয়

মোঃ নূর রহমান

যুগে যুগে পৃথিবীতে নবী রাসূলগনের আগমনের উদ্দেশ্য একটাই আর তাহলো, আল্লাহর একত্ববাদ প্রচার ও বাতিলের উপর হকের প্রতিষ্ঠা। আখেরী নবী হযরত মোহাম্মদ সাঃ মক্কা বিজয়ের মাধ্যমে বাতিলকে উৎখাত করে সত্য প্রতিষ্ঠা করে একটা মডেল হিসেবে রেখে গেছেন। যাতে পরবর্তী প্রজন্ম তাদের মিশন এভাবেই চালু রাখে। কিন্তু পৃথিবীর মানুষরা শয়তানের প্রলোভনে আত্মকলহে লিপ্ত হয়ে বাতিলে সাথে সন্ধি করে জাহান্নামের পথকে বেছে নিয়েছে। আল্লাহ পাক ও তাঁর রাসূল সাঃ এ বিষয়ে বলেছেন, যখন সত্য এসে মিথ্যার সামনে দাঁড়ায় মিথ্যা বিলুপ্ত হয়,কারণ মিথ্যা চিরদিনই বিলুপ্ত হবে। "তিনিই তাঁর রাসূলকে হিদায়াত ও সত্যদ্বীন দিয়ে প্রেরণ করেছেন, যাতে তিনি সকল বাতিল দ্বীনের উপর তা বিজয়ী করে দেন। যদিও মুশরিকরা তা অপছন্দ করে।" সূরা বাকারায় বলা হয়েছে, 'তোমরা সত্যকে মিথ্যার সঙ্গে মিশিয়ে দিও না এবং জেনে-শুনে সত্য গোপন করো না'। সূরা আন-নিসায় বলা হয়েছে, 'হে মুমিনগণ, তোমরা ন্যায়ের ওপর প্রতিষ্ঠিত থাক; আল্লাহর জন্য সাক্ষ্যদাতা হিসেবে, যদিও তা তোমাদের নিজদের অথবা পিতা-মাতা এবং আত্মীয়-স্বজনের বিরুদ্ধে হয়'। সূরা আল-ইমরানে আল্লাহ তায়ালা বলেন, "হে মুমিনগণ, আল্লাহকে যেমন ভয় করা উচিৎ ঠিক তেমনিভাবে ভয় করতে থাক এবং অবশ্যই মুসলমান না হয়ে মৃত্যুবরণ করো না।" সূরা ফুসসিলাতে বলা হয়েছে, "যারা বলে, 'আমাদের পালনকর্তা আল্লাহ', অতঃপর তাতেই অবিচল থাকে, তাদের কাছে ফেরেশতা অবতীর্ণ হয় এবং বলে, 'তোমরা ভয় করো না, চিন্তিত হয়ো না এবং তোমাদেরকে যে জান্নাতের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, তার জন্য আনন্দিত হও।" হক প্রতিষ্ঠার গুরুত্ব সম্পর্কে রাসূলুল্লাহ সাঃ বলেছেন, "তোমরা সত্যের পথে সংগ্রাম করো, যদিও তা তোমাদের জন্য কঠিন হয়।" আর বাতিল সম্পর্কে তিনি বলেছেন, "যে ব্যক্তি বাতিলের পথে চলে, সে ধ্বংস হয়।" রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা সত্যবাদিতা অবলম্বন কর। কেননা, সত্যবাদিতা পুণ্যের পথ দেখায় আর পুণ্য জান্নাতের দিকে নিয়ে যায়। আর যে ব্যক্তি সর্বদা সত্য কথা বলে এবং সত্যবাদিতার প্রতি যত্নবান হয়, তাকে আল্লাহর কাছে 'সিদ্দীক' (সত্যবাদী) হিসেবে লিপিবদ্ধ করা হয়। আর তোমরা মিথ্যা পরিহার কর। কেননা, মিথ্যা পাপাচারের পথ দেখায় আর পাপাচার জাহান্নামের দিকে নিয়ে যায়। আর যে ব্যক্তি সর্বদা মিথ্যা বলে এবং মিথ্যার প্রতি যত্নবান হয়, তাকে আল্লাহর কাছে 'কায্যাব' (মিথ্যাবাদী) হিসেবে লিপিবদ্ধ করা হয়।" সম্মানিত ভাইয়েরা হক ও সত্য প্রতিষ্ঠার ক্ষেত্রে, সত্যের স্বাক্ষ্য প্রদানের ক্ষেত্রে মুসলিম হিসেবে আপোষকামিতার কোন সুযোগ নেই যদিও তা নিজ পিতা ভাই আত্মীয় এর উপর বর্তায়।

এদিকে স্থানীয় কৃষকরা অভিযোগ করেন, ধানখোলা ইউনিয়নের বিসিআইসি ডিলাররা রাজনৈতিক প্রভাব খাটিয়ে সরকারি বরাদ্দকৃত সার বেশি দামে বিক্রি করছেন। এতে এলাকায় তীব্র সার সংকট দেখা দিয়েছে। গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন জানান, সার বিক্রিতে অতিরিক্ত দাম নেওয়ার অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে। ইতিমধ্যে কয়েকজনের বিরুদ্ধে মৌখিক অভিযোগ এসেছে, তা খতিয়ে দেখা হচ্ছে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন বলেন, কৃষি কর্মকর্তাকে মনিটরিংয়ের নির্দেশ দেওয়া হয়েছে। কেউ যদি গোপনে অতিরিক্ত দামে সার বিক্রি করে, তাদের বিরুদ্ধে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। কালোবাজারে সার বিক্রির ঘটনায় ইতোমধ্যে একজন ব্যবসায়ীকে জরিমানা করা হয়েছে।

## টাইফয়েড টিকাদান বিষয়ে প্রেস

(প্রথম পৃষ্টার পর)

গ্রহণ অত্যন্ত জরুরি।" তিনি আরও বলেন, "টিকা সম্পর্কে বিভিন্ন অপতথ্য ও গুজব ছড়ানো হয়, যা মানুষকে বিভ্রান্ত করে। এসব অপতথ্য প্রতিরোধে গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ। সাংবাদিকরা যদি সঠিক তথ্য জনগণের কাছে পৌঁছে দেন, তাহলে এই কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব।" প্রেস কনফারেন্সে টাইফয়েড টিকাদান সম্পর্কিত বিস্তারিত তথ্য উপস্থাপন করেন সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক। এতে মেহেরপুর জেলায় কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

## 'ইলিয়াস স্বাধীনতাবিরোধী দলের

(প্রথম পৃষ্টার পর)

সাহিদুজ্জামান টরিকের বিরুদ্ধে যে অপপ্রচার চালানো হচ্ছে তা সম্পূর্ণ মিথ্যা, মনগড়া ও উদ্দেশ্যপ্রণোদিত। বক্তারা বলেন, "ইলিয়াস হোসাইন ইউটিউবে প্রকাশিত ভিডিওটি কেটে-ছেঁটে সাজিয়েছেন যাতে সাধারণ মানুষ বিভ্রান্ত হয়। সেখানে চাঁদাবাজির কোনো প্রমাণ নেই এটি সম্পূর্ণ রাজনৈতিক প্রপাগান্ডা।" এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ মিল্টন, সদর উপজেলা বিএনপির সভাপতি নজরুল ইসলাম নজু, পৌর বিএনপির সভাপতি সিরাজুল ইসলাম মনি, জেলা মহিলা দলের সভাপতি রউফুন নাহার রিনা, যুবদলের সাধারণ সম্পাদক সাইফুর রশিদ ঝন্টু, ছাত্রদলের সাধারণ সম্পাদক মোমিন মালিতাসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। উল্লেখ্য, গত ৬ অক্টোবর ইলিয়াস হোসাইনের ইউটিউব চ্যানেলে 'দুই ভাই মিলে বাংলা সিনেমার স্টাইলে চাঁদাবাজি করছে' শিরোনামে একটি ভিডিও প্রকাশ করা হয়, যেখানে চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফ ও তার অনুসারীদের বিরুদ্ধে নানা অভিযোগ তোলা হয়।

## মেহেরপুর জেলা ছাত্রদলের সমাবেশ

(প্রথম পৃষ্টার পর)

হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলি বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়। এর আগে সেখানে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম সম্পাদক রাশিদুল ইসলাম রাজন এর সঞ্চালন-ায় সভাপতিত্ব করেন জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির। এ সময় সেখানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় বিএনপি'র নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপি'র যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর বিশ্বাস। বক্তারা বলেন ছাত্রদলের স্লোগান আমার প্রথম ভোট বাংলাদেশের পক্ষে হোক, আমার প্রথম ভোট ধানের শীষের পক্ষে হোক। একটি মহল জুলাই অভ্যুত্থান নিয়ে ষড়যন্ত্র করছে। এর আগে স্বৈরাচার হাসিনা একাত্তরের মুক্তিযোদ্ধা চেতনা নিয়ে জনগণের সাথে ধোঁকাবাজি করেছে। আরেকদল ধর্মকে পুঁজি করে মানুষের কাছে বিভ্রান্ত ছড়াচ্ছে। আমাদের সকলকে ঐক্য থাকতে হবে। সমস্ত ষড়যন্ত্রকে রুখতে হবে। বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিবিসিকে সাক্ষাৎকার দেওয়াটা বাংলাদেশের জন্য একটি দলিল।

## মেহেরপুরে যৌথ অভিযানে যুবককে

(প্রথম পৃষ্টার পর)

আনসার ও ডিএনসি'র সদস্যরা অংশ নেন। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, আইন-শৃঙ্খলা রক্ষা ও সমাজে শৃঙ্খলা ফিরিয়ে আনতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

## সুবিধাবঞ্চিতদের সেলাই মেশিন ও

(প্রথম পৃষ্টার পর)

করেন বুড়িপোতা ইউনিয়ন জামায়াতের আমির আবু জাফর সোহেল। প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা মো. তাজ উদ্দিন খান। এছাড়া উপস্থিত ছিলেন জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা জামায়াতের আমির মাওলানা মো. সোহেল রানা ও সেক্রেটারি জাব্বারুল ইসলাম মাস্টার। স্থানীয় নেতারা জানান, এ ধরনের উদ্যোগ সমাজে আত্মনির্ভরশীলতা বাড়াতে এবং যুবসমাজকে সঠিক পথে অনুপ্রাণিত করতে সহায়ক হবে।

## গাংনীতে ইয়াবাসহ তিন যুবক আটক

(প্রথম পৃষ্টার পর)

ছেলে আসাদ (২৮)। গাংনী থানার ওসি বানী ইসরাইল জানান, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ গভীর রাতে অভিযান চালায়। এ সময় দুটি মোটরসাইকেলে আসা তিনজনকে থামিয়ে তল্লাশি চালালে তাদের কাছ থেকে ৩১ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

তিনি আরও জানান, আটক তিনজনই চিহ্নিত মাদক ব্যবসায়ী। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে বৃহস্পতিবার সকালে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।

## গণতন্ত্রের চর্চা না হলে উচ্চকক্ষ-নিম্নকক্ষ করে লাভ হবে না: বদিউল আলম মজুমদার

সূর্যোদয় প্রতিবেদন

রাজনৈতিক দলগুলোর অভ্যন্তরে গণতন্ত্রের চর্চা না থাকলে উচ্চকক্ষ-নিম্নকক্ষ ব্যবস্থা বাস্তবায়ন করেও কোনো কার্যকর ফল আসবে না বলে মন্তব্য করেছেন ঐক্যমত কমিশনের সদস্য ও বিশিষ্ট নাগরিক ড. বদিউল আলম মজুমদার। বৃহস্পতিবার রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত "প্রস্তাবিত উচ্চকক্ষ কি জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ দলের জবাবদিহিতা নিশ্চিত করতে পারবে?" শীর্ষক জাতীয় সংলাপে তিনি এ মন্তব্য করেন। ড. বদিউল আলম বলেন, "গণতন্ত্র কেবল কাঠামোর বিষয় নয়, এটি আচরণের বিষয়ও। রাজনৈতিক দলগুলোতে যদি গণতন্ত্র না থাকে, তাহলে সংসদে উচ্চকক্ষ-নিম্নকক্ষ গঠন করেও এর কোনো সুফল পাওয়া যাবে না।" তিনি আরও বলেন, "ঐক্যমত মানেই সবার একমত হওয়া নয়। মতভেদ থাকবেড়কিন্তু তার মধ্যেই ঐক্য খুঁজে নিতে হবে। শেখ হাসিনা নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় এলেও স্বৈরাচারী ব্যবস্থার কারণে তিনি এক দানবে পরিণত হয়েছেন। চেক অ্যান্ড ব্যালেন্সের ব্যবস্থা তৈরি করতে পারলে ভবিষ্যতে কাউকেই ফ্যাসিস্ট হতে হতো না।" অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যাপক রওনক জাহান। আলোচনায় আরও অংশ নেন বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) নেতা রুহিন হোসেন প্রিন্স, ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার, নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের সদস্য ড. আলিম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আসিফ এম শাহান এবং সিপিডির পরিচালক অধ্যাপক মোহাম্মদ নাজিম। সংলাপে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিডির পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম।

## এইচএসসির ফল প্রকাশ ১৬ অক্টোবর

সূর্যোদয় প্রতিবেদন

চলতি বছরের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষার ফলাফল আগামী ১৬ অক্টোবর প্রকাশের প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৃহস্পতিবার (৯ অক্টোবর) দুপুরে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক সভায় দেশের সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যানরা এ বিষয়ে একমত হন। সভায় উপস্থিত একটি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান নাম প্রকাশ না করার শর্তে গণমাধ্যমকে জানান, "চলতি বছরের এইচএসসি পরীক্ষার ফল ১৬ অক্টোবর প্রকাশের প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে। মন্ত্রণালয়ের অনুমোদন পেলেই ওই দিনই সব শিক্ষা বোর্ডের ফল একযোগে প্রকাশ করা হবে।" এবারের এইচএসসি ও সমমানের লিখিত পরীক্ষা শেষ হয় ১৯ আগস্ট। এরপর ২১ থেকে ৩১ আগস্ট পর্যন্ত অনুষ্ঠিত হয় ব্যবহারিক পরীক্ষা। পাবলিক পরীক্ষা আইন অনুযায়ী, লিখিত পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে ফল প্রকাশ করতে হয়। সে হিসেবে ১৬ অক্টোবরের মধ্যেই ফল প্রকাশের সময়সীমা শেষ হচ্ছে। চলতি বছর ১১টি শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নিয়েছেন মোট ১২ লাখ ৫১ হাজার ১১১ জন শিক্ষার্থী। তাদের মধ্যে ৬ লাখ ১৮ হাজার ১৫ জন ছাত্র এবং ৬ লাখ ৩৩ হাজার ৯৬ জন ছাত্রী। সারাদেশে মোট ২ হাজার ৭৯৭টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

## এশিয়ার বাজারে তুরস্কের 'প্রবেশদ্বার' হতে পারে বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশকে এশিয়ার বাজারে প্রবেশের কৌশলগত প্রবেশদ্বার হিসেবে বিবেচনা করতে তুর্কি বিনিয়োগকারীদের আহ্বান জানিয়েছেন বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী। তিনি বলেন, তুর্কি কোম্পানিগুলোর জন্য বাংলাদেশ হতে পারে দক্ষিণ এশিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়া ও পূর্ব এশিয়ার বাজারে প্রবেশের উৎপাদন ও লজিস্টিক কেন্দ্র। সম্প্রতি তুরস্কের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আনাদোলুকে দেওয়া এক সাক্ষাৎকারে আশিক চৌধুরী বলেন, "বাংলাদেশ তুর্কি বিনিয়োগকারীদের জন্য এশিয়ার বাজার সম্প্রসারণের কৌশলগত হাব হিসেবে কাজ করতে পারে। তুর্কি কোম্পানিগুলো এখানে উৎপাদন ঘাঁটি গড়ে তুলে সহজেই এশিয়ার বিশাল ভোক্তা বাজারে পৌঁছাতে পারবে।" তিনি বাংলাদেশকে 'এশিয়ার উন্নয়ন ও প্রবৃদ্ধির দ্বিতীয় হাব' হিসেবে অভিহিত করে টেক্সটাইল ও তৈরি পোশাক, নির্মাণসামগ্রী, ওষুধ এবং প্রতিরক্ষাশিল্পে তুর্কি বিনিয়োগের বিশেষ সম্ভাবনার কথা তুলে ধরেন। বিডার চেয়ারম্যান আরও জানান, ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ বিশ্বের অষ্টম বৃহত্তম ভোক্তা বাজারে পরিণত হওয়ার পথে রয়েছে, যা বিভিন্ন খাতে বিনিয়োগকারীদের জন্য বিশাল সুযোগ তৈরি করবে। আশিক চৌধুরী বলেন, "বাংলাদেশ ও তুরস্কের মধ্যে সাংস্কৃতিক মিল এবং উদীয়মান বাজার মনোভাব বিনিয়োগকারীদের জন্য স্বাভাবিক সমন্বয় সৃষ্টি করেছে। তুর্কি ব্যবসায়ীরা ঝুঁকি নিতে অভ্যস্তড়তারা বাংলাদেশের গতিশীল বাজার পরিবেশের সঙ্গে ভালোভাবে মানিয়ে নিতে পারবেন।" তিনি বাংলাদেশে একটি বিশেষ তুর্কি অর্থনৈতিক অঞ্চল (ঝড়বপরধষ এঁৎশরংয় উপড়হড়সরপ তড়হব) গঠনের প্রস্তাব দিয়েছেন, যা বিনিয়োগ ও উৎপাদন কার্যক্রমকে আরও সমন্বিত করবে। এই অঞ্চলে তুর্কি দক্ষতা ব্যবহার করে লজিস্টিক, বিমান চলাচল ও সমুদ্রবন্দর ব্যবস্থাপনা খাতেও নতুন সম্ভাবনা তৈরি হতে পারে। বিডা চেয়ারম্যান আরও উল্লেখ করেন, আংকারা ও ঢাকার মধ্যে প্রযুক্তি স্থানান্তর ও যৌথ প্রতিরক্ষা উদ্যোগ সংক্রান্ত আলোচনা দুই দেশের প্রতিরক্ষা সহযোগিতাকে নতুন উচ্চতায় নিয়ে যেতে পারে। এতে বাংলাদেশ তুরস্কের প্রতিরক্ষা শিল্পের সম্ভাব্য সরবরাহকারী ও গ্রাহকড়্‌'টিই হতে পারে। তুরস্ক ও বাংলাদেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠিত হয় ১৯৭৪ সালে। ১৯৮১ সালের মধ্যে দুই দেশের রাজধানীতে স্থাপিত হয় দূতাবাস। বর্তমানে দুই দেশের বার্ষিক দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ প্রায় ১.১ বিলিয়ন ডলার, যা বাংলাদেশে তুর্কি বিনিয়োগ বৃদ্ধি পেলে আরও সম্প্রসারিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন তিনি। আশিক চৌধুরীর মতে, এই পদক্ষেপের মাধ্যমে বাংলাদেশ এশিয়ার বিস্তৃত সরবরাহ শৃঙ্খলে উৎপাদন ও বিতরণের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারবেড়যেখানে তুর্কি ব্যবসা প্রতিষ্ঠানগুলো হবে প্রধান অংশীদার।

## নাইজেরিয়াকে উড়িয়ে বিশ্বকাপের কোয়ার্টারে আর্জেন্টিনা

সূর্যোদয় প্রতিবেদন

ফিফা অনূর্ধ্ব-২০ বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে ওঠার পথে আর্জেন্টিনা দেখাল দাপট। বৃহস্পতিবার চিলির সান্তিয়াগোতে অনুষ্ঠিত শেষ ষোলোর ম্যাচে লাতিন আমেরিকার এই ফুটবল পরাশক্তি নাইজেরিয়াকে ৪-০ গোলে উড়িয়ে দিয়েছে। এই জয়ের মাধ্যমে আর্জেন্টিনা ২০১১ সালের পর প্রথমবারের মতো যুবাদের বিশ্বকাপের শেষ আটে পৌঁছালো। ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলেছে আর্জেন্টিনা। ম্যাচের দ্বিতীয় মিনিটেই আলেহো সারকোর গোলের মাধ্যমে দলকে এগিয়ে নিয়ে যান। ২৩ মিনিটে মাহের কারিজো ব্যবধান দ্বিগুণ করেন। প্রথমার্ধ শেষ হওয়ার আগে আর্জেন্টিনা ২-০ গোলে এগিয়ে থেকে বিরতিতে যায়। দ্বিতীয়ার্ধে আক্রমণের ধারা অব্যাহত রাখে আর্জেন্টিনা। ৫৩ মিনিটে কারিজো নিজের দ্বিতীয় গোল করে দলকে ৩-০ তে এগিয়ে দেন। এরপর ৬৬ মিনিটে বদলি হিসেবে নামা মাতেও সিলভেত্তি চতুর্থ ও শেষ গোলটি করেন। এই দাপুটে জয়ে ২০২৩ সালের হারের প্রতিশোধও নেওয়া হলো আর্জেন্টিনার। দিনের অন্যান্য ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে ৩-২ গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উঠেছে কলম্বিয়া, প্যারাগুয়েকে ১-০ গোলে হারিয়ে নরওয়ে এবং জাপানকে ১-০ গোলে হারিয়ে ফ্রান্স। আগামী ১২ অক্টোবর কোয়ার্টার ফাইনালে আর্জেন্টিনা মুখোমুখি হবে শক্তিশালী মেক্সিকোর সাথে।

## যুদ্ধবিরতি প্রতিষ্ঠা নিয়ে ট্রাম্পের ঘোষণা, তবুও গাজায় হামলা

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বুধবার ঘোষণা দিয়েছেন, ইসরায়েল ও হামাস যুদ্ধবিরতি প্রতিষ্ঠার বিষয়ে সম্মত হয়েছে। তবে তাঁর এ ঘোষণার কয়েক ঘণ্টা পরও গাজায় বিমান হামলা চালিয়েছে ইসরায়েলি বাহিনী। বুধবার রাতে নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে ট্রাম্প জানান, তাঁর ২০ দফা শান্তি পরিকল্পনার প্রথম ধাপ বাস্তবায়নে রাজি হয়েছে দুই পক্ষই। প্রেসিডেন্ট লিখেছেন, "আমি অত্যন্ত গর্বের সঙ্গে ঘোষণা করছি যে ইসরায়েল ও হামাস উভয়ই আমাদের শান্তি পরিকল্পনার প্রথম পর্যায়ের বাস্তবায়নের ব্যাপারে সম্মত হয়েছে।" তবে আলজাজিরা জানায়, ট্রাম্পের এই ঘোষণার পরও গাজা নগরীর পশ্চিমাঞ্চলে নতুন করে হামলা চালায় ইসরায়েলি যুদ্ধবিমান। বিমান থেকে ফেলা গোলা আল-শাতি শরণার্থীশিবিরের একটি বাড়িতে আঘাত হানে। এছাড়া গাজা নগরীর দক্ষিণে সাবরা এলাকায় বাড়িঘরের কাছে একটি গাড়িতেও বিস্ফোরণ ঘটায় ইসরায়েলি সেনারা। এসব হামলায় তাৎক্ষণিকভাবে হতাহতের খবর পাওয়া যায়নি। গত মাসে ডোনাল্ড ট্রাম্প গাজা সংকট নিরসনে ২০ দফা শান্তি পরিকল্পনা ঘোষণা করেন। পরিকল্পনাটিতে হামাসের পক্ষ থেকে প্রাথমিক ইতিবাচক সাড়া পাওয়া যায়, আর ইসরায়েল আগেই এতে সম্মতি জানায়। উল্লেখ্য, ২০২৩ সালের ৭ অক্টোবর ইসরায়েলে হামলা চালায় ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস। ওই ঘটনায় ১ হাজার ২১৯ জন নিহত হন বলে দাবি করে ইসরায়েল। হামাস তখন ২৫১ জনকে জিম্মি করে, যাঁদের মধ্যে এখনো ৪৭ জন গাজায় রয়েছেন। ইসরায়েলি সেনাবাহিনীর দাবি, তাঁদের মধ্যে ২৫ জন ইতোমধ্যে মারা গেছেন। হামাসের ওই হামলার পর থেকেই গাজায় টানা হামলা চালিয়ে যাচ্ছে ইসরায়েল। জাতিসংঘের হিসাব অনুযায়ী, এর মধ্যে গাজার লাখো মানুষ বাস্তুচ্যুত হয়েছে, ধ্বংস হয়েছে বিপুল পরিমাণ অবকাঠামো।

## ভারতের ঝাড়খন্ডে ভারী বৃষ্টিপাতে ৪৫৮ জনের মৃত্যু

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের ঝাড়খন্ড রাজ্য এ বছরের বর্ষা মৌসুমে গত দশকের মধ্যে সবচেয়ে ভারী বৃষ্টিপাতের সম্মুখীন হয়েছে। জুন থেকে সেপ্টেম্বর পর্যন্ত টানা ভারী বৃষ্টি ও প্রাকৃতিক দুর্যোগে রাজ্যজুড়ে অন্তত ৪৫৮ জনের প্রাণহানি ঘটেছে। সরকারি তথ্য অনুযায়ী, বজ্রপাতে ১৮৬ জন, পানিতে ডুবে ১৭৮ জন, আর বন্যা, ভূমিধস ও বাড়িধসের কারণে আরও অনেকে প্রাণ হারিয়েছেন। প্রাকৃতিক দুর্যোগে রাজ্যের একাধিক জেলায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। প্রতিবেদনে জানা গেছে, এ সময় ৪৬৭টি বাড়ি সম্পূর্ণ ধ্বংস হয়েছে এবং ৮ হাজারের বেশি বাড়ি আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। কৃষিক্ষেত্রেও পড়েছে বড় ধরনের প্রভাবড়প্রায় ২ হাজার ৩৯০ হেক্টর জমি বন্যা ও জলাবদ্ধতায় নষ্ট হয়েছে। সবচেয়ে ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলোর মধ্যে রয়েছে রাঁচি, গুমলা, লোহারদাগা ও সিমডেগা।